# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
**Bangladesh Water Development Board**

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
পানি ভবন, ব্লক-জি, লেভেল-৬,
৭২ গ্রীনরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০১৫
ই-মেইলঃ director_cpc@yahoo.com

Office of the Superintending Engineer
Contract & Procurement Cell
Pani Bhaban, Block-G, Level-6
72 Green Road, Dhaka-1205
Phone: 02222230015
E-mail: dir.cpc@ bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-৩৮০ তারিখঃ ১২/১২/২০২১ খ্রিঃ

## সার্কুলার

**বিষয়ঃ ই-জিপি (e-GP) সিস্টেমে পূর্ণাঙ্গ বার্ষিক ক্রয় পরিকল্পনা** (Annual Procurement Plan) **প্রণয়ন ও প্রকাশ প্রসঙ্গে।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিপিটিইউ এর পরিপত্র (স্মারক নং ২১.০০.০০০০.৩৬৯.৯৯.০৭০.১৮.৬০৭; তারিখঃ ১৫/০১/২০১৯ খ্রিঃ) অনুযায়ী সকল ক্রয় পরিকল্পনা (ই-জিপি ও ম্যানুয়াল) উন্নয়ন বা রাজস্ব বাজেট নির্বিশেষে ই-জিপি (e-GP) সিস্টেমে ক্রয়কারীগণ কর্তৃক পূর্ণাঙ্গ বার্ষিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan) হিসেবে প্রণয়ন ও প্রকাশ করতে হবে। তৎপ্রেক্ষিতে কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-৪০, তারিখঃ ৩০/০১/২০১৯ খ্রিঃ মোতাবেক এই বিষয়ে সার্কুলার জারী করা হলেও বাপাউবো'র সকল ক্রয়কারী কর্তৃক উক্ত সার্কুলার অনুযায়ী সকল ক্রয় পরিকল্পনা ই-জিপি সিস্টেমে প্রণয়ন ও প্রকাশ করা হচ্ছেনা।

০২। জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২১-২০২২ এর আর্থিক ব্যবস্থাপনা উন্নয়নের আওতায় কর্ম-সম্পাদন সূচক হিসেবে ২০২১-২০২২ অর্থ-বছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা অর্জনে ২০২১-২০২২ অর্থ-বছরের সকল ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা আবশ্যক।

০৩। এমতাবস্থায়, বাপাউবো এর সকল ক্রয়কারী দপ্তর (ঢাকাস্থ এবং ঢাকার বাইরের সকল দপ্তর; যাদের অনুকূলে বাজেট বরাদ্দ হয়) কর্তৃক সকল ক্রয় পরিকল্পনা (ই-জিপি ও ম্যানুয়াল) উন্নয়ন বা রাজস্ব বাজেট নির্বিশেষে ই-জিপি (e-GP) সিস্টেমে পূর্ণাঙ্গ বার্ষিক ক্রয় পরিকল্পনা হিসেবে প্রণয়ন ও প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এই সার্কুলার জারী করা হলো।

(মোঃ আবু বক্কর সিদ্দিক)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
বাপাউবো, ঢাকা।

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-৩৮০ তারিখঃ ১২/১২/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা/প্রশাসন/অর্থ, বাপাউবো, পানি ভবন, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী (সকল) ......................................................, বাপাউবো।
৩. প্রকল্প পরিচালক (সকল)......................................................, বাপাউবো।
৪. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, ঢাকা।
৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক (সকল) ..................................................বাপাউবো।
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ঢাকা (সার্কুলারটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭. নির্বাহী প্রকৌশলী (সকল) ......................................................, বাপাউবো।
৮. সকল দপ্তর প্রধান,......................................................, বাপাউবো।
৯. দপ্তর কপি।

১২.১২.২১

(মোঃ হালিম সালেহী)
নির্বাহী প্রকৌশলী (পুর)
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
বাপাউবো, ঢাকা।